

সহীহ বুখারী (তাওহীদ পাবলিকেশন)

হাদিস নাম্বারঃ ১১০২

১৮/ সালাত কাসর করা (کتاب التقصیر)

পরিচ্ছেদঃ ১৮/১১. সফরকালে ফর্য সালাতের আগে ও পরে নফল সালাত আদায় না করা

بَابِ مَنْ لَمْ يَتَطَوَّعْ فِي السَّفَرِ دُبُرَ الصَّلاَةِ وَقَبْلَهَا

আরবী

مُسَدَّدٌ قَالَ حَدَّثَنَا يَحْيَى عَنْ عِيسَى بْنِ حَفْصِ بْنِ عَاصِمٍ قَالَ حَدَّثَنِي أَبِي أَنَّهُ سَمِعَ ابْنَ عُمَرَ يَقُولُ صَحَبْتُ رَسُولَ اللهِ صلى الله عليه وسلم فَكَانَ لاَ يَزِيدُ فِي السَّفَرِ عَلَى رَكْعَتَيْنِ وَأَبًا بَكْرٍ وَعُمَرَ وَعُتْمَانَ كَذَلِكَ رَضِيَ اللهُ عَنْهُمْ.

বাংলা

১১০২. হাফস ইবনু 'আসিম (রহ.) হতে বর্ণিত। তিনি বলেন, ইবনু 'উমার (রাযি.)-কে বলতে শুনেছি যে, আমি আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম -এর সঙ্গে ছিলাম, তিনি সফরে দু' রাক'আতের অধিক আদায় করতেন না। আবূ বকর, 'উমার ও 'উসমান (রাযি.)-এর এ রীতি ছিল।* (১১০১) (আধুনিক প্রকাশনীঃ ১০৩৪, ইসলামিক ফাউন্ডেশনঃ ১০৩৯)

English

Narrated Ibn `Umar:

I accompanied Allah's Messenger (ﷺ) and he never offered more than two rak`at during the journey. Abu Bakr, `Umar and `Uthman used to do the same.

ফুটনোট

* অত্র হাদীস দ্বারা প্রমাণিত হয় যে, আল্লাহ্র রাসূল (সাল্লাল্লাহু 'আলাইহি ওয়া সাল্লাম) সফরে চিরকালই কস্র করেন, কখনো পূর্ণ সালাত আদায় করেননি। তাই একদল আলিমের মতে সফরে কাসর করতেই হবে। পূর্ণ পড়লে চলবে না। ইবনু 'উমর বলেন, সফরের সালাত দু'রাক'আত। যে ব্যক্তি এ সুন্নাত ত্যাগ করবে সে কুফরী করে- (মুহাল্লা ৪র্থ খণ্ড ২৬৬ পৃষ্ঠা)। ইবনু 'আব্বাস বলেন, যে ব্যক্তি সফরে চার রাক'আত পড়ে, সে যেন ঘরে



দু'রাক'আত পড়ে। (ঐ ২৭০ পৃষ্ঠা)

ইমাম ইবনু কাইয়ূম বলেন, নবী (সাল্লাল্লাহু 'আলাইহি ওয়া সাল্লাম) সফরে ৪ রাক'আত বিশিষ্ট সালাত গুলো ৪ রাক'আতই আদায় করেছেন এর কোন প্রমাণ পাওয়া যায় না। আর ''আয়িশা (রাঃ)-এর হাদীসে আছে যে, নবী (সাল্লাল্লাহু 'আলাইহি ওয়া সাল্লাম) কাস্র এবং পূর্ণ দু'রকমই আদায় করেছেন-সে হাদীসটি সম্পর্কে ইমাম ইবনু তাইমিয়া বলেন, হাদীসটি সহীহ্ নয়, বরং এটা আল্লাহ্র রসূলের উপরে একটা মিথ্যা অপবাদ। (যাদুল মা'আদ ১ম খণ্ড ১২৮ পৃষ্ঠা)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ হাফস ইবনু 'আসিম (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন